

“শিল্পে প্রাকৃতিক গ্যাস  
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা

[www.bapex.com.bd](http://www.bapex.com.bd)

সূত্র নম্বর : ২৮.০৯.০০০০.০১২.৪৫.০০১.১৮

তারিখ: -০৪-২০২২

বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর ৪র্থ  
কোয়ার্টারের সভার কায বিবরণি।

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর  
তারিখ : ১৩ এপ্রিল ২০২২  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

১৩ এপ্রিল ২০২২ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর চতুর্থ কোয়ার্টারের সভা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহবান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।


**আলোচ্য বিষয়:**


(ক) উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট তৃতীয় কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্ত পড়ে শুনান এবং বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। পর্যালোচনা করে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। এ জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির আহ্বায়ক কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান। সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে চলমান করোনা অতিমারী অমিক্রম এর সংক্রমণের পরিমাণ আগের তুলনায় বহুলাংশে নিম্নগামী হয়েছে। চলতি অর্থ বছরে সর্বশেষ অর্থাৎ চতুর্থ কোয়ার্টারে আমরা উপনীত হয়েছি। এ কোয়ার্টারের কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। যেহেতু বর্তমানে করোনা মহামারীর প্রাদুর্ভাব নেই সে কারণে যথাসময়ে অবশিষ্ট কর্ম সম্পাদন করা যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, চতুর্থ কোয়ার্টারে নিয়মিত কাজের পাশাপাশি একটি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, টিওএন্ডইডুজ্জ অকেজো মালামাল বিনষ্টকরণ, শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং কোম্পানির আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ড পরিদর্শন ইত্যাদি কার্যক্রম সম্পাদন করতে হবে।


(খ) অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর চলতি অর্থ বছরের চতুর্থ কোয়ার্টারে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা অনুসরণে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।


ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ
০১।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন	কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হবে।	উপমহাব্যবস্থাপক (এইচারএম)
০২।	টিওএন্ডইভুজ্জ অকেজো মালামাল বিনষ্টকরণ	কোম্পানির টিওএন্ডইভুজ্জ অকেজো মালামাল বিনষ্টকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি/বিভাগ
০৩।	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	সরকারী কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১' অনুযায়ী বাপেক্সে কর্মরত স্থায়ী কর্মকর্তা- কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি
০৪।	আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়ে পর্যবেক্ষণ/পরিবিক্ষণ কার্যক্রম গ্রহণ	সংশ্লিষ্ট কমিটি এক বা একাধিক আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়টি সরেজমিনে গমনপূর্বক পর্যবেক্ষণ/পরিবিক্ষণ করবে।	সংশ্লিষ্ট কমিটি


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


  
(মোঃ সরওয়ার হামিদ)  
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)  
সদস্য


  
(মোহাম্মদ কামরুজ্জামান)  
উপমহাব্যবস্থাপক (ক্রয়)  
সদস্য

  
(কাজী মাহবুবুল আলম)  
উপ-মহাব্যবস্থাপক (এইচারএম)  
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

  
(মোহাম্মদ আহসানুল আমিন)  
উপমহাব্যবস্থাপক (আইসিটি)  
সদস্য

  
(মোঃ আব্দুর রউফ)  
মহাব্যবস্থাপক (প্রকৌশল)  
সদস্য

  
(এস.এম. তারিকুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)  
সদস্য

  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও  
আহ্বায়ক